

## বাকুবি ছাত্রলীগের ৪ নেতা গ্রেফতার

■ বাকুবি প্রতিনিধি  
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়  
(বাকুবি) শাখা ছাত্রলীগের সিনিয়র ৪  
নেতাকে গ্রেফতার করেছে  
ময়মনসিংহ গোয়েন্দা পুলিশ।  
ময়মনসিংহ জেলা ছাত্রলীগের  
সভাপতির বাসায় হামলা মামলায়  
বুধবার ওই ৪ জনকে গ্রেফতার করা  
হয়েছে। তারা হলেন- বিশ্ববিদ্যালয়  
শাখা ছাত্রলীগের সিনিয়র  
সহসভাপতি বিজয় কুমার বর্গণ, সহ-  
সভাপতি আবদুল ওয়াহাব রিন্টু,  
যুগ্ম-সম্পাদক ওবায়দুল ইসলাম খান,  
অপু ও অনিরুদ্ধ হাসান পলাশ।  
ময়মনসিংহ জেলা ছাত্রলীগের  
সঙ্গে ক্যাম্পাস ছাত্রলীগের বিরোধের  
জেরে গত ৭ জুলাই বিশ্ববিদ্যালয়  
ছাত্রলীগ জেলা ছাত্রলীগ সভাপতি  
জসিম উদ্দিনের বাসায় হামলা  
চালায়। পরের দিন জসিমের জমিগতি  
ওই ঘটনায় ক্যাম্পাস ছাত্রলীগের  
সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ১৩  
জনের নাম উল্লেখ করে এবং ৩০-৪০  
জন অজ্ঞাতপরিচয় দেখিয়ে মামলা  
করেন।